দৈনিক বাংলা

তারিখ 23 AUG 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

৪

# ঢাকা ভার্সিটির ১৩৫ জন শিক্ষকের বিবৃতি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৩৫ জন শিক্ষক গতকাল এক বিবৃতিতে বলেছেন যে, গত ২৭শে মে বিশ্ববিদ্যালয়ে সংসদ সদস্য মওলানা মতিউর রহমান নিজামীর নাজেহাল হওয়ার ঘটনা সম্পর্কে ভাইস চ্যান্সেলর ডঃ মনিরুজ্জামান মিঞা তদন্ত কমিশনের নিকট যে বক্তব্য দিয়েছেন তা সম্পূর্ণ অসত্য, বানোয়াট ও উদ্দেশ্য প্রণোদিত। তারা এই বক্তব্যের প্রতিবাদ ও নিন্দা জানান। বিবৃতিদাতারা বলেন, ভাইস চ্যান্সেলর কমিশনের কাছে প্রদত্ত তার বক্তব্যে ওই দিন 'সংঘটিত ঘটনাবলীর জন্য

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষকের বিবৃতি

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের ৫২ জন শিক্ষককে সরাসরি দায়ী করে তদন্ত কমিশনের নিকট বক্তব্য দিয়েছেন' বলে উল্লেখ করেন।

বিবৃতিদাতারা বলেন, 'ভাইস চ্যান্সেলর কমিশনের নিকট প্রদত্ত তাঁর মন্তব্যে প্রফেসর সফিউদ্দীনসহ যে ৫২ জন শিক্ষকের বিরুদ্ধে কথিত ষড়যন্ত্রের অভিযোগ এনেছেন বলে পত্রিকসমূহ যা উল্লেখ করা হয়েছে' কমিশন তাদের কাউকেই কমিশনের নিকট বক্তব্য পেশের আহ্বান জানাননি। উল্লেখ্য একজন বিচারপতির নেতৃত্বে গঠিত ওই তদন্ত কমিশন রিপোর্ট সরকারে কাছে পেশ করা হলেও আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়নি।

তারা ওই ৫২ জন শিক্ষকের বিরুদ্ধে আনর্তি অভিযোগ প্রমাণের আহ্বান জানান। উল্লেখ্য, ২৭শে মে'র ঘটনার তাৎক্ষণিক প্রতিক্রিয়া হিসাবে ঘটনাকে 'অনভিপ্রেত' বলে পত্রপত্রিকায় বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে স্বাক্ষর করেন ঃ কে এম সফিউদ্দীন, ডঃ রঙ্গলাল সেন, হরিপদ ভট্টাচার্য, মুনতাসীর মামুন, ডঃ হিরন্ময় সেনগুপ্ত, ডঃ বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর, ললিত মোহন নাথ, শান্তি নারায়ণ ঘোষ, ড. ম. আখতারুজ্জামান, ডঃ মশাররফ হোসেন, ভীষ্মদেব চৌধুরী, বিশ্বজিৎ ঘোষ, ডঃ নাজমুল আহসান কলিমুল্লাহ, ডঃ নূরুর রহমান খান, বদরুন নাহার প্রমুখ।